গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

স্মারক নং-৩(১)শুল্ক-৪/৮২(অংশ-৪)/১৬৩২ তারিখ-২৩.০৯.১৯৯৭ ইং

## অফিস স্মারক

বিষয় ঃ **১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য শিল্প প্রতিষ্ঠানকে বন্ডেড ওয়্যারহাউস সুবিধা প্রদান প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বিগত কয়েক বছর যাবত ১০০% রপ্তানিমুখী ছাড়া অন্য কোন প্রতিষ্ঠানের অনুকুলে প্রাইভেট বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স না দেয়ার একটি প্রশাসনিক সিদ্ধান্ত ছিল। সম্প্রতি উক্ত সিদ্ধান্তটি আংশিক ভাবে সংশোধন করা হয়েছে। এ বিষয়ে বর্তমান নীতি সম্যকভাবে বোঝার সুবিধার্থে মাননীয় অর্থ মন্ত্রী কর্তৃক অনুমোদিত এতদ্‌সংক্রান্ত সার-সংক্ষেপের আলোকলিপি সংযুক্ত করা হলো।

০২। তবে উল্লেখ্য যে, অনুমোদিত নীতিমালা এবং বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স প্রদানের জন্য প্রযোজ্য অন্যান্য শর্ত/মানদন্ড/নীতিমালার ভিত্তিতে কোন প্রতিষ্ঠানের অনুকুলে বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স প্রদানের পূর্বে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মতি গ্রহণ করতে হবে।

(শাহনাজ পারভীন)
দ্বিতীয় সচিব (শুল্ক রপ্তানি ও বন্ড)

প্রাপক,

১-৩। কমিশনার
কাস্টম হাউস
ঢাকা/চট্টগ্রাম/মংলা।

৪-৯। কমিশনার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (উঃ)/ঢাকা(দঃ)/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/খুলনা।